

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয় শাখা-২

স্মারক নং: ৩৮.০০.০০০০.০০৮.৩৫.০২৩.১৮.৭২৯

তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি:

বিষয়: প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নসহ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কাজিত ফলাফল অর্জনের লক্ষ্যে পাঠদান তদারকি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগীকরণ, এসডিজি বাস্তবায়নের জন্য সরকারের শিক্ষা সংক্রান্ত গৃহীত সকল কর্মসূচি এবং পরিকল্পনা বাস্তবায়ন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল ভাল করার জন্য নিম্নরূপ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) আগামী ১৮ নভেম্বর ২০১৮ তারিখ হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ শুরু হবে। বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের পাঠদান নিশ্চিত করার জন্য শিক্ষকদের নিয়মিত উপস্থিতি, কর্মস্থলে অবস্থান, হোম ভিজিট ইত্যাদি তদারকি বৃদ্ধির জন্য প্রতি উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয়ে কন্ট্রোলরুম চালু করতে হবে। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা/থানা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ তাঁদের পরিদর্শনের প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন নিশ্চিত করে নিয়মিতভাবে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (২) ১১-০৯-২০১৮ তারিখ হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন শিক্ষক যুক্তিযুক্ত কারণ ব্যতীত বিদ্যালয় বা কর্মস্থলে অনুপস্থিত থাকতে পারবেন না।
- (৩) প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিন শিক্ষকগণের বিদ্যালয়ে অনুপস্থিতি বা কর্মস্থল ত্যাগের প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- (৪) যুক্তিযুক্ত কারণ ব্যতীত কোন শিক্ষক বিদ্যালয়ে অনুপস্থিত বা কর্মস্থল ত্যাগ করলে তাৎক্ষণিকভাবে 'গণকর্মচারী (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২' এবং 'সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৫) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ 'সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯' মোতাবেক নিয়ন্ত্রিত বিধায় কোন প্রকার আইন পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত না হওয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করতে হবে।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুল ওয়াহেদ)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.২২.০০৩.১৫. ৩ ৫৪৭ (৩২৩৩)

তারিখ:

০৬ কার্তিক, ১৪২৫।
২৯ অক্টোবর, ২০১৮।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ৩৮.০০.০০০০.০০৮.৩৫.০২৩.১৮-৭২৯ নং স্মারকে উল্লেখিত প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নসহ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কাজিত ফলাফল অর্জনের লক্ষ্যে পাঠদান তদারকি সংক্রান্ত পত্রের মর্মসুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা.....।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... উপজেলা..... জেলা।.....।
- ৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা..... জেলা।.....।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
- ৭। সংরক্ষণ নথি।